“তোমরা ইহুদীদের সাথে যুদ্ধ না করা পর্যন্ত কিয়ামাত কায়েম হবে না, এমনকি কোন একটি পাথরের পিছনে একজন ইহুদী থাকলে, সে পাথর বলবে: হে মুসলিম, এই যে আমার পিছনে একটি ইহুদী, তাকে হত্যা কর।”

আবু হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করে বলেছেন যে, তিনি বলেছেন: “তোমরা ইহুদীদের সাথে যুদ্ধ না করা পর্যন্ত কিয়ামাত কায়েম হবে না, এমনকি কোন একটি পাথরের পিছনে একজন ইহুদী থাকলে,
সে পাথর বলবে: হে মুসলিম, এই যে আমার পিছনে একটি ইহুদী, তাকে হত্যা কর।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, কোনভাবেই ততক্ষণ পর্যন্ত কিয়ামাত কায়েম হবে না, যতক্ষণ না মুসলিম ও ইহুদীরা পরষ্পরে যুদ্ধ করবে। এমনকি মুসলিমদের ভয়ে ইহুদী পাথরের পিছনে পলায়ন করবে; তখন আল্লাহ পাথরকে কথা বলার সক্ষমতা দান করবেন, তখন পাথর মুসলিমদেরকে ডেকে বলবে যে, তার পেছনে একটি ইহুদী লুকিয়ে আছে, যাতে তারা তাকে হত্যা করতে পারে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/65023